Regarding the first course Lord Lytton is of opinion that the dual system of Government would remain as before, with no better guarantee against the recurrence of similar complications. As to the second he briefly states that "the addition of Sindh to the Punjab would extend and continue an anomalous and most inconvenient system of frontier administration; without giving us any greater guarantee than we have at present for unity of action in the most important of our frontier relations, unless the Government of the Punjab be simultaneously invested with a wider control than it now exercises over those relations, and to give it such control would involve the sacrifice of one of the principal objects of any change on the present system, *viz*, the more direct administration of the whole frontier by the Government of India. Moreover, by the addition of a large district to his already heavy charge, the Lieutenant Governor would be able to devote less time than ever to the study and management of these politics." The third course he recommends the Secretary of State to adopt.

Lord Salisbury sends a despatch dated the 29th Nov. last, in reply to the Minute of the Governor General. He recapitulates the recommendations of the Indian Government which are that the frontier, or Trans-Indus, districts of the Punjab and Sindh should be formed into a separate frontier Government, administered under the direct control of the Government of India, by a Chief Commissioner and Governor General's Agent at Peshwar; that this officer should be charged with the general conduct of all the frontier and trans-frontier relations; that he should be provided accordingly with subordinate officers at Peshwar and Jacobabad, the latter having the special charge of the administration of the lower frontier, and the relations with Beloochostan; and that the Sindh and the Punjab frontier forces should be amalgamated, and placed under the Commander-in-Chief in India, retaining, however, their local and special character, but becoming interchangeable within the limits of the frontier Government. He then acknowledges the cogency of the arguments which Lord Lytton advances in support of his views, but he thinks that both the objects in view *viz.*, the relief of the Lieutenant Governor of the Punjab, and the more effective control by the supreme Government of frontier policy, might be adequately secured by a less extensive change. Any unnecessary disturbance of the administrative arrangements is, according to him, distasteful to the people of India, and open to many practical objections and a large change can seldom be effected without considerable cost, which is to be deprecated at the present time. In lieu, therefore, of the proposals of the Indian Government, the Secretary of State sanctions the adoption of the following measures:—

(*a*) The Trans-Indus districts of the Punjab and Sindh to be divided into two divisions, taking the dividing line at the point where the Belooch gives place to the Pathan.

(*b*) A Commissioner to be appointed over each division by the Viceroy, but in respect to all internal affairs, to take his orders from the Punjab Government.

(*c*) The Northern Commissioner to be styled Governor General's Agent and Frontier Commissioner to receive the salary of a Chief Commissioner; and upon all external matters, i. e., matters concerning those who are not subjects of Her Majesty, to correspond with the Viceroy direct and be the superior of the Southern Commissioner, who upon those matters will correspond with him alone.

(*d*) The Forontier Forces for the present at least to be under the orders of the Governor General's Agent, not under the orders of Commander-in-chief.

The settlement of minor questions such as the residence of the Frontier Commissioner, or the number of Deputy Commissioners, or any of the military details is left with the Indian Government.

——ooo——

ক্ষতিগ্রস্ত হইবে।

ইলে রুশিয়ার আসিয়াতে যে আধিপত্য আছে তাহা অসংখ্য গুণ বৃদ্ধি হইবে। আমির একেইত রুশ-দিগের পক্ষপাতী তাহা হইলে তিনি রুশদিগের শরণাগত হইবেন। সুতরাং যে রুশিয় সৈন্য ইউরোপ এবার দগ্ধ করিল তাহারা ভারতবর্ষে আসিয়া অগ্নি প্রজ্বলিত করিতে পারে এবং যে যুদ্ধের ভয়ে বীর প্রসবিনী ও অতুল ঐশ্বর্য্য-শালী ইংলণ্ড এবার ভীত হইয়াছেন ভারতবর্ষের হয় ত সেই রূপ যুদ্ধে ব্যাপৃত হইতে হইবে। বিধাতা না করুন, কিন্তু যদি ভারতবর্ষ এই রূপ বিপদে নিক্ষিপ্ত হয় তখন ইংলণ্ড আমাদের প্রতি কিরূপ ব্যবহার করেন তাহাই বা কে জানে?

—০০—

গবর্ণর জেনারেল সিন্ধু নদীর উত্তর পার হইতে ভারতবর্ষের সীমা পর্য্যন্ত স্বতন্ত্র একটী প্রদেশ স্থাপন করিয়া উহা এক জন চিফ কমিশনারের অধীন রক্ষা করার প্রস্তাব করেন। এই প্রদেশটি তাঁহার মতে সাক্ষাৎভাবে গবর্ণর জেনারেলের তত্ত্বাবধানে থাকা কর্ত্তব্য। এখন এই প্রদেশটী পঞ্জাব গবর্ণমেণ্টের অধীন আছে। ষ্টেট সেক্রেটরি গবর্ণর জেনারেলের মতের পোষকতা করিয়া তৎসম্বন্ধে এই পরিবর্ত্তন করিয়াছেন যে, এই দেশটি এক জন চিফ কমিশনারের অধীনে রক্ষিত না হইয়া দুই জন চিফ কমিশনারেরর অধীনে রক্ষিত হইবে। ইহার এক জনের উপর আর এক জনের কর্ত্তৃত্ব থাকিবে, আবার সকলের উপরে গবর্ণর জেনারেলের কর্ত্তৃত্ব থাকিবে। ষ্টেট সেক্রেটরি যেরূপ প্রস্তাব করিয়াছেন তাহাতে কেবল গোল্‌যোগের বৃদ্ধি হইবে না, ব্যয়েরও বৃদ্ধি হইবে।

——০০——

লণ্ডন টাইমসের কলিকাতাস্থ সংবাদ দাতা কে তাহা আমরা জানি না, কিন্তু ইনি ভদ্রলোক হইয়া কিরূপে অমূলক সংবাদ সকল প্রেরণ করেন তাহা আমরা বুঝিতে পারি না। ষ্ট্রাচি সাহেবের ট্যাক্স সংক্রান্ত বক্তৃতা হইয়া গেলে এই সংবাদ দাতা টাইমস পত্রিকায় সংবাদ পাঠান যে, দেশ সমেত লোক উহাতে সন্তোষ প্রকাশ করিয়াছেন। ইডেন সাহেবও এই অমূলক কথা গবর্ণর জেনারেলের সভায় অম্লান বদনে বলেন। ইডেন সাহেব কি করিয়া এই সম্পূর্ণ অমূলক কথা বলেন তাহা যখন আমরা চিন্তা করি তখন বিস্ময় সাগরে নিমগ্ন হই। তাঁহার বিবেচনা করা উচিত যে তিনি এখন সামান্য ইডেন সাহেব নন, তিনি বাঙ্গালার গবর্ণর। আর চারি বৎসর পরে অর্থাৎ যখন ইডেন সাহেব বাঙ্গালা পরিত্যাগ করিয়া যাইবেন তখন তিনি, যাহা ইচ্ছা তাহাই বলুন, তাহাতে কারো ক্ষতি বৃদ্ধি হইবে না, কিন্তু বাঙ্গালার গবর্ণরী পদে উপবিষ্ট থাকিয়া তাঁহার সতর্কের সঙ্গে কথা বলা কর্ত্তব্য। যে লাইসেন্স ট্যাক্স লইয়া বাঙ্গালায় হুলস্থূল পড়িয়া গিয়াছে এবং কিছু দিন পরে যাহার কার্য্য আরম্ভ হইলে কান্নার রোল উপস্থিত হইবে, সেই লাইসেন্স ট্যাক্স শুদ্ধ ইডেন সাহেবের ঐ কথার জন্যে হইল। ষ্ট্রাচি সাহেব ইহা স্পষ্টাক্ষরে বলেন। ষ্ট্রাচি সাহেব বলেন যে লাইসেন্স ট্যাক্স সম্বন্ধে অন্ততঃ কতক পরিবর্ত্তন হওয়ার কথা ছিল, কিন্তু যখন ইডেন সাহেব বলিলেন যে উহাতে সকলেই সন্তোষ প্রকাশ করিয়াছেন তখন আর কোন পরিবর্ত্তন করার প্রয়োজন করে না। আমরা জিজ্ঞাসা করি, ইডেন সাহেব আমাদের রক্ষক না ভক্ষক?

—

রুশিয়রা অতি দ্রুতবেগে কনষ্টান্টিনোপোল অভিমুখে গমন করিতেছে। তাহারা সরলু নামক সহরে উপস্থিত হইয়াছে। এই সহর কনষ্টান্টিনোপোল হইতে ৫০ মাইল দূরে। যদি রুশিয়ানরা বিশেষ কোন বাধা প্রাপ্ত না হয় তাহা হইলে আর পাঁচ সাত দিনের মধ্যে তাহাদের কনষ্টান্টিনোপোলে প্রবেশ করার সম্ভাবনা। কিন্তু শুনা যাইতেছে যে তুর্কেরা সহজে রুশ সৈন্যদিগকে কনষ্টান্টিনোপোল অধিকার করিতে দিবে না। যদি ইহা প্রকৃতই হয় তাহা হইলে আবার রক্তের স্রোতে তুর্ক রাজ্য প্লাবিত হইবে। ইংলণ্ড বারম্বার প্রকাশ্যরূপে

রুশেরা আড্রিয়া-

নোপল অতিক্রম করিলেই তিনি তুর্কির সাহায্যে অস্ত্র ধারণ করিবেন। সেই রুশিয়ানেরা প্রায় কনষ্টান্টিনোপোল ধরং করিয়াছে, অথচ ইংলণ্ড এখন পর্য্যন্ত কিছুই স্থির করিতে পারিতেছেন না। তুর্কি মরিয়া গেলে তাহার শ্রাদ্ধের সময় কি ইংলণ্ড তাহার সাহায্য করিবেন?

—০০—

এবার রুশিয়ানেরা আর্ম্মেনীয়ার যে অংশ অধিকার করিয়াছেন তাহা যে তাহারা পরিত্যাগ করিবেন না তাহার প্রমাণ তাহারা এখনই তাহাদের কার্য্য দ্বারা প্রদান করিতেছেন। তাহারা কারস্ এবং কালডির নামক দুটি প্রদেশ রুশিয়া রাজ্যভুক্ত করিয়া লইয়াছেন। এখানে তাহারা রুসিয়ান আইন কানন প্রচলিত করিয়াছেন এবং ঘোষণা করিয়া দিয়াছেন যে যাহারা রুসিয়ানদের আইন অনুসারে না চলিবে তাহারা শাস্তি পাইবে। জেনারেল গপকো এই প্রদেশের গবর্ণর হইয়াছেন। এখানকার প্রতি নগর ও প্রতিগ্রামে রুশিয়ান কর্ম্মচারীরা ভ্রমণ করিয়া বেড়াইতেছেন এবং তাহারা সর্ব্ব সাধারণকে বলিতেছেন যে সুলতানের রাজ্য গিয়াছে, এক্ষণ রুশ সম্রাটের রাজ্যে তাহারা বাস করিতেছে।

—

মহারাণী স্বর্ণময়ীর কাঁকুড় গাছীর উদ্যানে ২৬শে মাঘ হইতে ৩০শে মাঘ পর্য্যন্ত হিন্দু মেলার কার্য্যারম্ভ হইবে। ঐ দিন মেলায় নানাবিধ দ্রব্য প্রদর্শিত ও বিক্রীত হইবে। এতদ্ভিন্ন বাগবাজারের ঘাটের নিকট নৌকার বাচ হইবে। আমরা ভরসা করি এবার মেলায় বিস্তর লোক উপস্থিত হইবেন।

—

ইংরাজেরা যুদ্ধের আয়োজন করিতেছেন এবং এই নিমিত্ত ছয় কোটি টাকা ব্যয়ের আবশ্যক। সার ষ্টাফোর্ড নর্থকোর্টে পার্লিয়ামেণ্টের মঞ্জুরের নিমিত্ত তথায় উহার বিল উপস্থিত করিয়াছেন।

বিজ্ঞাপন।

যোগবাশিষ্ঠ বিতরণ (পূর্ব্বখণ্ড)

অনেকানেক ব্যক্তি যোগবাশিষ্ঠ অধ্যয়নে সমুৎসুখ থাকিলেও ব্যয়বাহুল্য প্রযুক্ত স্ব স্ব অভিলাষ পূর্ণ করিতে পারিতেছেন না; আমি তাঁহাদিগের সুবিধার্থ কেবল ডাকমাশুল ও দুই জন সরকারের বেতন স্বরূপ কিঞ্চিৎ খরচা অর্থাৎ সর্ব্ব সমেত ২৲ দুই টাকা মাত্র লইয়া আমার প্রকাশিত যোগবাশিষ্ঠের বৈরাগ্য, মুমুক্ষু, উৎপত্তি স্থিতি ও উপশম এই পাঁচ প্রকরন পাঠক বর্গকে বিতরন করিব। যাঁহাদিগের প্রয়োজন তাঁহারা অদ্য হইতে ৩০ শ দিনের মধ্যে অগ্রিম ২৲ দুই টাকা নিম্ন লিখিত ঠিকানায় প্রেরণ করিবেন; অগ্রিম ২৲ দুই টাকা ভিন্ন কলিকাতা বা বিদেশীয় কাহাকেও পুস্তক দেওয়া যাইবে না। ডাকষ্ট্যাম্প পাঠাইলে ২ দুই টাকায় /১০ আনা অতিরিক্ত কমিশন পাঠাইবেন। যাহার ত্রিস দিনের মধ্যে অগ্রিম ২ দুই টাকার সহিত আবেদন করিবেন। তাঁহারাই পুস্তক পাইবেন, পরে কাহারও আবেদন গ্রাহ্য হইবে না। ইতি তারিখ ১৯ মাঘ। সন ১২৮৪ সাল।

কলিকাতা বাগবাজার রাজা রাজবল্লভের ষ্ট্রীট ১৬ নং বাশিষ্ঠ যন্ত্র। } শ্রীগণেশচন্দ্র ভট্টাচার্য্য। যোগবাশিষ্ঠ প্রকাশক।

যুদ্ধ সম্বন্ধীয় তারের সম্বাদ।

২২ শে জানুয়ারী। রুশিয়ানরা এড্রিওনোপল গ্রহণ করিয়াছে। রুমিলিয়ার অধিবাসীরা অত্যন্ত ভীত হইয়াছে। তত্রত্য লোকদের ভয়ানক কষ্ট হইতেছে। রুশিয়ানদের সন্ধি সম্বন্ধে যে জনরব উঠে তাহা অমূলক। লর্ড ডার্বি পুনরায় তাহার কার্য্য গ্রহণ করিয়াছেন। ভারতবর্ষে টাকা কর্জ্জ করিয়া পাবলিক ওয়ার্ক নির্ম্মাণের কি রূপ সুবিধা হয় তাহা জানিবার নিমিত্ত লর্ড জর্জ হামিলটন যে কমিটী সংস্থাপন করিবেন স্থির করিয়াছিলেন তাহা স্থগিত রহিল। কমনদিগের মধ্যে নোয়েল সাহেব ব্রিটীশ সৈন্য কর্ত্তৃক কোয়েটা গ্রহণ বিষয়ক সম্বাদ দিয়াছেন। আণ্ডার সেক্রেটরি বলিয়াছেন যে আর এক দল সৈনা কপে যাইতেছে।

২৩শে।

করেন যে মহারাণী ভিক্টোরিয়া ... টেলিগ্রাফ করিয়াছেন যে সুলতানন সন্ধি স্থাপন করিবার নিমিত্ত হইয়াছেন এবং মহারাণী ভরসা করেন যে রুশ সম্রাট সত্বর যুদ্ধ বন্দ করিবেন। যুদ্ধ স্থল হইতে সম্বাদ আসিয়াছে যে জেনারেল গোরকো সলিমান পাশাকে রোডোপ পর্ব্বতের অভ্যন্তরে বিতাড়িত করিয়াছেন। এই যুদ্ধে তুর্কিদের পক্ষে সাত হাজার সৈন্য আহত হয় এবং ৪৯টী তোপ রুশদিগের হস্তগত হয়। মহম্মদ পাশার অধীনে যে সকল তুর্ক সৈন্য আছে তাহা এড্রিয়ানোপোলের পূর্ব্ব দিকে কারক্লিশা নামক স্থানে রক্ষিত হইয়াছে। সন্ধিস্থাপনের কথাবার্ত্তা হইতেছে। গ্যালিপোলিতে রুশিয়ানরা আসিতেছে এরূপ জনরব হওয়ায় তথাকার লোকের মধ্যে আতঙ্ক উপস্থিত হইয়াছে। সলিমান পাশা সমুদ্র তীরস্থ কাবলা নামক স্থানে পৌছিয়াছেন।

২৪ শে। রুশিয়েরা কেশন নামক স্থানে পৌছিয়াছে এবং শনিবারে গেলিপোলিতে পৌছিবে এই রূপ জন রব। গ্রাণ্ড ডিউক নিকোলাস কিসানলিক হইতে আগামী কল্য আড্রিয়ানোপোলে গমন করিবেন। সেণ্টপিটার্স বর্গের সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে ইংলণ্ডের সঙ্গে রুশিয়ার যেরূপ মনান্তর হইবার সম্ভব হয় তাহা অন্তর্হিত হইতেছে। তুর্কি পার্লিয়েমেণ্ট শীঘ্র শীঘ্র সন্ধি স্থাপন করিবার নিমিত্ত আবেদন করিয়াছেন, তবে রুসিয়া যদি কঠিন নিয়মে সন্ধি স্থাপন করার প্রস্তাব করেন তাহা হইলে তাঁহারা শেষ পর্য্যন্ত যুদ্ধ করার সংকল্প করিতেছেন। সন্ধি স্থাপন করিবার পূর্ব্বে সুলতানের কি কি নিয়ম পালন করিতে হইবে তাহা তিনি রুশিয়ার নিকট হইতে অবগত হইয়াছেন। এই নিয়ম গুলি ভারি কঠোর! ইহাতে যুদ্ধের ব্যয়ের নিমিত্ত সুলতানের বিস্তর অর্থ দিতে হইবে এবং যে পর্য্যন্ত সুলতান এই অর্থ না দেন সে পর্য্যন্ত রুশিয় গবর্ণমেণ্ট তুর্কি রাজ্য অধিকার করিয়া থাকিবেন. এই রূপ রাষ্ট্র যে রুশিয়েরা গেলিপোলিতে গমন করিবে না এবং যদি তুর্কি এই স্থানে সুশিক্ষিত সৈন্য রক্ষা না করে তাহা হইলে তাহারা এই স্থান আক্রমণ করিবে না।

২৫ শে। প্রকাশিত হইয়াছে যে ইংলিশ গবর্ণমেণ্ট ভূমধ্য সাগরের রণতরীর অধ্যক্ষকে আজ্ঞা দিয়াছেন যে রুশিয়রা যদি গেলিপোলি আক্রমণ করে তাহা হইলে তিনি গেলিপোলি রক্ষার নিমিত্ত তথায় এবং মাণ্টা দুর্গে সৈন্য প্রেরণ করিবেন। সুলতান প্রতিজ্ঞা করিয়াছেন যে যত দিন রুশিয়ার সঙ্গে সন্ধি স্থাপন সমাপন না হইবে তত দিন উহার নিয়ম সকল তিনি প্রকাশ করিবেন না।

২৬ শে। কনেষ্টেণ্টিনোপোল হইতে তারে সম্বাদ আসিয়াছে যে সুলতান জানেন না যে আর্ম্মিসটিস অর্থাৎ যুদ্ধ স্থগিত পত্র উভয় পক্ষীয় দ্বারা স্বাক্ষরিত হইতেছে কি না। রুশিয়া কি কি নিয়মে সন্ধি করিবেন তাহা প্রকাশ না হয় এই রূপ তুর্কি পার্লিয়েমেণ্টে ব্যক্ত হইয়াছে। এ সম্বন্ধে আর কোন কথা প্রকাশ হয় নাই। রুশিয় হেডকোয়াটার কাজনলিক হইতে অন্যত্র নীত হইতেছে। তুর্কি কমিশনার সিবার ও নামক পাশা এই সঙ্গে সঙ্গে গমন করিতেছেন।

২৭ শে। হাউস অব কমান্স ষ্টাফেড নর্থ কোটের নিকট জিজ্ঞাসা করাতে তিনি প্রকাশ করেন যে জল পথ অবরোধ না হয় এবং ব্রিটিশ স্বার্থ রক্ষার নিমিত্ত গত বুধবারে ভূমধ্য মহাসাগরে যে রণ তরী আছে তাহা ডডিনেলিসে লইয়া যাইবার নিমিত্ত আজ্ঞা দেওয়া হয়, কিন্তু গত রাত্রে প্রকাশিত হয় যে রুশিয়া সন্ধির নিয়ম সমুদ সুলতানের নিকট প্রকাশ করিয়াছেন, সুতরাং রণ তরীর অধ্যক্ষকে পুনর্ব্বার আজ্ঞা দেওয়া হইয়াছে যে তিনি ডার্ডিনেলিসে প্রবেশ না করিয়া তাহার মুখে থাকিবেন। লর্ড বিকন্সফিলড জিজ্ঞাসামতে প্রকাশ করেন যে ব্রিটিশ গবর্ণমেণ্ট ডার্ডিনেলিসে রণ তরী প্রেরণ করার পূর্ব্বে অপর রাজাদিগকে অবগত করেন যে ইংলণ্ডের কোন পক্ষে যাওয়ার ইচ্ছা নাই।

২৮ শে। আড্রিয়ানোপোলের দক্ষিণ ২০ মাইল ডিমোটিকা নামক স্থানের ও কনেষ্টেণ্টিনোপোলের মধ্য স্থলে একটি যুদ্ধ হইয়াছে। অদ্যাপি আর্ম্মিসটিস সম্পন্ন হয় নাই।

২৯ শে। কনেষ্টেণ্টিনোপোল হইতে ৫০ মাইল দূরে এবং রেলওয়ের উপর সরলু নামক স্থানে রুশ সৈন্য উপস্থিত হইয়াছে। এখানে যাহারা ছিল তাহারা নগর পরিত্যাগ করিয়া গমন করিয়াছে। রুশিয় হেড কোয়াটার আড্রিওনোপোলে আসিয়াছে। রুশিয়রা গুমাড জিনা নামক স্থান আক্রমণার্থে তথায় গমন করিতেছে। গুমাড জিনা লাগোমা উপসাগরের উপরস্থিত। রুশিয়রা কনেষ্টণ্টিনোপোল অভিমুখে গমন করিতেছে।

সংবাদ।

—এই রূপ রাষ্ট্র যে, লেফটেনেণ্ট গবর্ণর দরভাঙ্গার মহারাজার কনিষ্ঠ ভ্রাতাকে কবেনেণ্ট সিবিল সরবিসে নিযুক্ত করিবার নিমিত্ত ইণ্ডিয়ান গবর্ণমেণ্টে অনুরোধ করিয়াছেন। ইডেন সাহেব এই কার্য্যটী করিতে পারিলে তাঁহার কীর্ত্তি অবিনশ্বর হইবে।

—হাইদ্রাবাদের রাজমন্ত্রী সার সালার জং ক্রিষ্টমাসের সময় প্রিন্স অব ওয়েলসকে একটী মূল্যবান উপহার প্রদান করেন। প্রিন্স ইহা প্রাপ্ত হইয়া সালার জংকে তারযোগে ধন্যবাদ করিয়াছেন।

বোধা... প্রবেশিকা পরীক্ষায় ... হইয়াছে।

—গবর্ণমেণ্ট এবার গোপনে উচ্চ স্থদ দিয়া এ দেশীয়দের নিকট হইতে টাকা কর্জ্জ করেন। এই বিষয় লইয়া সম্ভবতঃ পালিয়ামেণ্টে গোল হইবে।

—বাবু মতি শীলের দ্বিতীয় পুত্র বাবু চুনি লাল শীল মৃত্যু সময় মেডিকেল কলেজ হসপিটালের সংলগ্ন একটী আউট ডিস্পেন্সরী নির্ম্মাণার্থে ৬২৫০০ টাকা দান করেন। এই টাকা চুনিলাল বাবুর সম্পত্তির একজিকিউটারগণ সত্বর গবর্ণমেণ্টের হস্তে অর্পণ করিবেন।

—বোম্বাই প্রেসিডেন্সীর গত বৎসরের রিপোর্টে প্রকাশিত হইয়াছে যে, তথায় ১১২৯৮ জন ইউরোপীয় এবং ২৪৩২২ জন দেশীয় সৈন্য, সর্ব্ব সমেত ৩৬৭২০ জন সৈন্য আছে। এখানে এক রেজিমেণ্ট ইউরোপীয় ও নয় রেজিমেণ্ট দেশীয় অশ্বারোহী সৈন্য আছে। ইউরোপীয় আঠারোটী কামানের ব্যাটারিতে ৮৩টী কামান এবং দুইটী দেশীয় আর্টিলারিতে ৮ টী কামান আছে। গত বৎসর এখানে ইউরোপীয় রেজিমেণ্টের নিমিত্ত ৫৪৯৩১৯৩ এবং দেশীয় সৈন্যের নিমিত্ত ৭২৮১৪৩৫, অর্থাৎ মোট ১২৭৭৪৮৩৪ টাকা ব্যয় হয়। এতদ্ভিন্ন এখানে এই নিমিত্ত আরো অতিরিক্ত ১১২৭১৭২৪ টাকা ব্যয় হয় এবং অন্যান্য বাব সমুদয় ধরিয়া মোট ২৪০৪৬৫৫৬০ টাকা ব্যয় হয়।

—এক জন ফরাসী পণ্ডিত গণনা করিয়া দেখিয়াছেন যে, যে মস্তক যত বৃহৎ তাহাতে তত অধিক মস্তিস্ক থাকে এবং যে মস্তকের মস্তিস্ক ওজনে যত ভারি তাহার বুদ্ধি তত অধিক। আবার যেরূপ সুযোগ প্রাপ্ত হইলে ব্যক্তি বিশেষের মস্তিষ্ক ক্রমে হ্রাস বৃদ্ধি হয় সেই রূপ সুযোগ অনুসারে কোন কোন পরিবারের মস্তিস্কের হ্রাস বৃদ্ধি হইয়া থাকে। জীবনের কিছু দিন মস্তিস্কের বৃদ্ধি হয়, আর কিছু দিন সম ভাবে থাকে, তৎপর আবার ইহার হ্রাস হইতে থাকে, শেষে ইহা একেবারে বিনাশপ্রাপ্ত হয়। ব্যক্তি বিশেষে যে নিয়মে মস্তিষ্কের হ্রাস বৃদ্ধি হয়, আবার পরিবার বিশেষের পক্ষেও ঐ রূপ হ্রাস বৃদ্ধি হইয়া থাকে। পরিবার অনুসারে পুরুষ পুরুষানুক্রমে মস্তিষ্ক বৃদ্ধি হইতে থাকে। ফ্রান্সে ১৭৮৯ খৃঃ অব্দে যে সমুদয় ফরাসিরা রাজবিপ্লব উপস্থিত করে তাহাদের পূর্ব্ব পুরুষ অপেক্ষা তাহাদের মস্তিষ্ক বড় ছিল। যে সমুদয় পরিবার ক্রমে নির্ব্বংশ হইবার উপক্রম হয় সে পরিবারে মস্তিষ্ক ক্রমে হ্রাস হইতে থাকে। ফ্রান্সের বর্ত্তমান রাজবংশে যে সমুদয় সন্তান জন্মিতেছে, তাহাদের মস্তিষ্ক ক্রমে হ্রাস হইতেছে। যাহারা আবার নূতন পদস্থ হইয়াছেন তাঁহাদের পরিবারের পুরুষপুরুষানুক্রমে মস্তিস্ক বৃদ্ধি হইতেছে। যাহারা বিদ্যালয় উপস্থিত হইয়া বিদ্যাভ্যাস করে তাহাদের মস্তক সচরাচর বড়। আবার সামান্যতঃ দেখা যায় ২০ হইতে ৩০ বৎসর অপেক্ষা ৩০ হইতে ৪০ বৎসর পর্য্যন্ত মনুষ্যের মস্তিষ্ক বড় হয় কিন্তু ধর্ম্মযাজকদিগের পক্ষে এ নিয়ম নহে। ২৫ বৎসর হইতে তাহাদের মস্তিষ্ক ক্রমে হ্রাস হইতে থাকে।

—বোম্বে গেজেটের লণ্ডনস্থ সম্বাদ দাতা লিখিয়াছেন যে, তিনি বিশ্বস্থ সূত্রে শুনিয়াছেন যে রুশেরা যে নিয়মে তুর্কির সঙ্গে সন্ধি করিবার প্রস্তাব করিয়াছে তাহাতে ইংরাজদিগের তত ক্ষতি হইবে না। তিনি আরো লিখিয়াছেন যে, লর্ড বিকন্সফিলডের সঙ্গে লর্ড ডার্বির কিছু মাত্র বনিতেছে না।

—এক খানি গ্রন্থে প্রকাশিত হইয়াছে যে পৃথিবীতে প্রতি দিন মনুষ্যে ১৫০০০০০০টি চুম্বন করে। রুশিয়াতে প্রতি দিন ৩০০০০০০ চুম্বন, জার্ম্মেনীতে ২০০০০০০, ফ্রান্সে ১০০০০০০, ইংলণ্ডে ১৩০০০০০ চুম্বন হইয়া থাকে। গ্রন্থকর্ত্তা চুম্বনের এই হিসাব দিয়া প্রস্তাব করিয়াছেন যে, রাজারা যদি চুম্বনের উপর ট্যাক্স করেন তাহা হইলে বিস্তর রাজস্ব সংগৃহীত হয়।

—এক খানি সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, জার্ম্মেনীতে যুদ্ধ উপস্থিত হইলে জার্ম্মেনী ৩০০০০০০ হইতে ৩৩০০০০০ সৈন্য যুদ্ধ স্থলে উপস্থিত করিতে পারেন। ইহার মধ্যে ১৩০০০০০ সৈন্য সুশিক্ষিত।

—হাইকোর্টের জজ জষ্টিস বার্চ ও মরিসের পদ শূন্য হওয়াতে ইহাদের স্থলে প্রিন্সেপ ও টটেনহাম সাহেব নিযুক্ত হইবেন।

—ভারতবর্ষে ব্রিটিশ অধিকৃত রাজ্য ৯০৯৭৩৫ মাইল বিস্তৃত, ইহাতে ১৯১৬৫৪৪৫ লোকের বাস। দেশীয় স্বাধীন রাজার রাজ্য ৫৭৩০৫২ মাইল বিস্তৃত এবং এখানে সমুদয় ভারতবর্ষের পরিমাণ ফল ১৪৮৪১৫৭ বর্গ মাইল এবং এখানে ২৩৯৯৭৮৫৯৫ লোকে বাস করে। ইহার মধ্যে হিন্দুর সংখ্যা ১৩৯৩৪৫৮২০০, শিকের সংখ্যা ১১৭৪৪৩৬, মুসলমানের সংখ্যা ৪০৮৬৭১২৫, বৌদ্ধ ও জৈনের সংখ্যা ২৮৩২৮৫০ এবং খৃষ্টানের সংখ্যা ৮৯৭৬৮২।

—জর্ম্মনীর সম্বাদ পত্রের সম্পাদকেরা ইংলণ্ডকে নানা রূপ উপহাস করিতেছেন। সম্প্রতি এক জন লিখিয়াছেন যে রুশিয়া রাজমন্ত্রী যুদ্ধের পূর্ব্বে তুর্কিকে রুগ্ন পুরুষ বলিয়া ব্যাখ্যা করেন কিন্তু বিসমার্ক বলেন ইংলণ্ড বৃদ্ধা স্ত্রী। প্রশিয়ার সম্রাটের সঙ্গে ইংলণ্ডের রাণীর যে সম্পর্ক তাহাতে প্রসিয়ারমন্ত্রী এরূপ উপহাস করিতে পারেন।

—ওসমান পাশা কাহার সঙ্গে সাক্ষাৎ করেন না। এমন কি, তিনি আপন আহত স্থান সমুদয় ইচ্ছামত চিকিৎসককে দেখান এবং ইচ্ছা হইলে পাঁচ সাত দিন ডাক্তারকে তিনি আপন গৃহে প্রবেশ করিতে দেন না।

—১লা জানুয়ারি অর্থাৎ ... উপাধি গ্রহণ করেন, সেই দিন বোম্বাই গবর্ণমেণ্ট অনেকগুলি বন্দীকে কারাগার হইতে মুক্ত করেন। বাঙ্গালায় এই দিন কোন বন্দী কারাগার হইতে মুক্ত হয় নাই দেখিয়া যাহারা আশ্চর্য্য হইবেন তাহারা হতভাগ্য যদু গাঙ্গুলি, হৃদয় পাত্র, জানকি নাথ রায় প্রভৃতির মকর্দ্দমার কথা স্মরণ করিবেন। যত দিন বর্ত্তমান গবর্ণমেণ্টের পরিবর্ত্তন না হইতেছে বঙ্গবাসীরা তত দিন বোধ হয় রাজার ক্ষমাগুণের পরিচয় প্রাপ্তি পক্ষে নৈরাশ হইবেন।

—পারস্যের সা আবার ইউরোপ পরিভ্রমণার্থে গমন করিবেন স্থির করিয়াছেন। তাঁহার মন্ত্রী ইহার বন্দবস্ত করিবার নিমিত্ত বার্লিনে গমন করিয়াছেন।

—মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত সর্ব্বসমেত ৪৫৭৭০৬৫০ টাকা ব্যয় হইয়াছে। দুর্ভিক্ষ নিবারণের নিমিত্ত অতিরিক্ত যে বন্দবস্ত হয় তাহাতে ৪২৪৬ জন লোক নিযুক্ত হন এবং তাহাদের নিমিত্ত মাসে ১৩৬৭৯৮ টাকা ব্যয় পড়ে।

—পারিসে লোকের মনে দৃঢ় বিশ্বাস যে, রুশেরা কনেষ্টেণ্টিনোপোল অধিকার করিলে ইংরাজেরা রোডস দ্বীপ অধিকার করিবেন এবং কেবল এই জন্য মাণ্টাতে ইংরাজেরা সৈন্যসংখ্যা বৃদ্ধি করিতেছেন ও তাহাদের রণতরী বিসকে উপসাগরে প্রেরিত হইয়াছে।

—কাশ্মীরে অন্ন কষ্ট হইবার সম্ভাবনা হইয়াছে। ভারতবর্ষ যেরূপ পীড়া কর্ত্তৃক আক্রান্ত এবং কোন দিন কোন পীড়া ভয়ানক আকার ধরে তাহার স্থির নাই মন্বান্তরও প্রায় সেই রূপ হইয়াছে। ইংলিশ রাজ্যের পূর্ব্বে দস্যু ভয়ে যেরূপ লোকে অহোরহ বিব্রত থাকিত, এখন দৈব বিপাকের ভয়ে লোকে সেই রূপ অহোরহ বিবৃত হইয়াছে।

—এক খানি ইউরোপীয় সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, যদি ইংরাজেরা যত্ন করেন তাহা হইলে আফগানদিগকে রুশদিগের বিরুদ্ধে অস্ত্র ধারণ করাইতে পারেন এবং যদি আফগানেরা রুশিয়ার বিপক্ষে অন্তরের সঙ্গে লাগে তবে মধ্য আসিয়াতে রুশদিগকে অস্থির করিয়া তুলিতে পারে। আমাদেরও এই বিশ্বাস। তুর্ক যুদ্ধের সময় যদি অপরিণামদর্শী হইয়া ইংরাজ রাজপুরুষেরা আমিরের সঙ্গে খেলাত লইয়া বিবাদ না করিতেন তাহা হইলে রুশিয়রা এত শীঘ্র তুর্কিকে পদানত করিতে পরিতেন না।

—যুদ্ধ স্থল হইতে এক জন ইংরেজ লিখিয়াছেন যে, রুশিয় সৈন্যাধ্যক্ষ গ্রাণ্ড ডিউক নিকোলাস যেরূপ রাগী সেই রূপ নিষ্ঠুর ও অভদ্র। যতদিন রুশিয় সম্রাট হেড কোয়ারটারে ছিলেন ততদিন তিনি ইংলিস আম্বাসাডার কর্ণেল ওয়েলেসলীকে কোনরূপ অপমান বাক্য বলিতে পারেন নাই, কিন্তু সম্রাট রুশিয় রাজধানীতে গমন করিয়াছেন, এখন কখন যে গ্রাণ্ড ডিউক ইংলিস আম্বেসেডারকে অপমান করেন তাহা বলা যায় না। তিনি এক বার কর্ণেল ওয়েলেসলীকে অপমান করেন, তাহার নিমিত্ত ক্ষমা প্রার্থনা করেন নাই, আবার যদি তাহাকে অপমান করেন তাহা হইলেও তিনি ক্ষমা প্রার্থনা করিবেন না।

—কাশ্মীরের দুর্ভিক্ষ সম্বন্ধে এই রূপ সম্বাদ আসিয়াছে যে সেখানে অনেক স্থলে তণ্ডুল এক কালে দুর্ল্লভ হইয়াছে, আবার যাহা আছে তাহা নষ্ট হইয়া গিয়াছে। পূর্ব্বে যে সকল স্থানে টাকায় ৪০।৫০ সের চাউল পাওয়া যাইত এখন সেখানে টাকায় ১২ সের বিক্রয় হইতেছে। চাউলের ন্যায় ঘাসও পাওয়া যাইতেছে না সুতরাং ঘাস আহারী পশুরা আহারাভাবে মরিয়া যাইতেছে। অতিশয় বৃষ্টি হওয়াতে তথাকার শস্য নষ্ট হইয়া গিয়াছে। ভারতবর্ষের এক প্রান্তে অনাবৃষ্টির জন্যে মন্বান্তর, অপর দিকে অধিক বৃষ্টির জন্যে মন্বান্তর। বিধাতা যখন বৈমুখ হন তখন অগ্নিতেও সর্ব্বনাশ করে, জলেও সর্ব্বনাশ করে।

—রুশিয় গবর্ণমেণ্ট মধ্য আসিয়ার প্রান্তে, অর্থাৎ ভারতবর্ষের সীমার অতি সন্নিকটে বৈজ্ঞানিক গবেষণার্থ জন কয়েক শাস্ত্রজ্ঞ ব্যক্তিকে তথায় পাঠানের উদ্যোগ করিতেছেন। রুশদিগের এই উদ্যোগের প্রতি ইংলিশ গবর্ণমেণ্টের সন্দেহ উপস্থিত হইয়াছে। রুশিয় পণ্ডিতেরা এই গবেষণার্থে যাত্রা করিলে সেই সঙ্গে হয় ত ইংরেজরা আপনাদের অনুচর সেখানে প্রেরণ করিবেন। আসিয়াতে ইংরাজদিগের যেরূপ দশা হইয়াছে, ইংরাজদিগের মধ্যে রুশদিগের প্রায় সেই রূপ দশা হইয়াছে।

—এই রূপ রাষ্ট্র যে আমির সাধ্যমত যত সৈন্য সংগ্রহ করিতে পারিতেছেন সে সমুদায় কান্দাহারে প্রেরণ করিতেছেন। কেন যে তিনি সেখানে সৈন্য প্রেরণ করিতেছেন তাহা কেহ বলিতে পারেন না। রুশিয়া হইতে কাবুলে অনবরত দূত গমনাগমন করিতেছে এবং আমীর এই সকল দূতদিগের প্রতি পূর্ব্বাপেক্ষা অধিক আদর দেখাইতেছেন।

—জোয়াকীদিগের সম্বন্ধে তারের সম্বাদ প্রকাশিত হইয়াছে যে, ইংলিশ সৈন্যেরা জম্বুর অবশিষ্ট দুর্গ নষ্ট করিয়া তুর্কি নামক স্থানে গমন করিতেছে। যুদ্ধ নিষ্পত্তি করিবার নিমিত্ত জোয়াকীদিগের যে প্রতিনিধি আগমনের কথা ছিল তাহারা আসিয়াছে। ইহাদের সংখ্যা ৬০ জন। কেহাতের কমিশনার ও জেনারেল কেস ২৪শে তারিখে তাহাদিগের সহিত সন্ধি স্থাপন করিবার নিমিত্ত সৈন্য শিবিরে উপস্থিত হইবেন।

—এই রূপ রাষ্ট্র যে, ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কম্পানি থার্ড ও ইণ্টার মিডিয়েট শকটের উন্নতি করিবেন স্থির করিয়াছেন। রেলওয়ে কোম্পানি এই দুই শ্রেণী শকটে আপাতত যত লোক গ্রহণ করেন তাহা অপেক্ষা অধিক লোক লইবেন, আবার এই গাড়িতে মল মূত্র পরিত্যাগ ও শয়ন করার স্থানও থাকিবে।

—আমেরিকার আবিষ্কারক কলম্বাসের অস্থি লইয়া সেণ্ট ডমিঙ্গো ও ... স্তুত হইয়াছে। ১৫০৬ খৃঃ ... স্পেইনের একটী কনবেণ্টে তাহার সমাধি ... পরে ১৫৩৬ খৃঃ অব্দে কলম্বাসের পুত্র পিতৃ অস্থি সেণ্ট ডমিঙ্গোতে আনিয়া তথায় উহার সমাধি করেন। কিন্তু ১৭৯৫ খৃ অব্দে কিউবাবাসীরা কলম্বাসের অস্থি সেণ্ট ডমিঙ্গো হইতে উঠাইয়া আনিয়া হাবানাতে উহার সমাধি করে। সেণ্ট ডমিঙ্গোবাসীরা এখন বলিতেছে যে, কিউবাবাসীরা ভ্রমক্রমে কলম্বাসের অস্থি না লইয়া তাহার পুত্রের অস্থি লইয়া গিয়াছে এবং ইহা লইয়া এই দুই দ্বীপবাসীদের মধ্যে বিবাদ উপস্থিত হইয়াছে।

—ওসমান পাশা এখনও বন্দী অবস্থায় আছেন। সম্ভবতঃ তিনি আপাততঃ মস্কায়তে রক্ষিত হইবেন।

—আগামী ১ লা হইতে সিন্ধুদেশ বোধ হয় পঞ্জাব বিভাগে ভুক্ত হইবে।

—আমরা ইতিপূর্ব্বে প্রকাশ করি যে ভারতবর্ষের মুসলমানেরা সুলতানের নিকট প্রতিনিধি প্রেরণ করিতেছেন। এই প্রতিনিনি কনেষ্টেণ্টিনোপোলে উপস্থিত হইয়াছেন।

—আহাম্মেদাবাদ শালিসি বিচারালয়ে নয় মাসে ৭৭৫ টী মকদ্দমা নিষ্পত্তি হইয়াছে। আমরা যখন এই সম্বাদ গুলি পাঠ করি তখন আমাদের নির্ব্বাণ আশা আবার প্রজ্জ্বলিত হইয়া উঠে। বিধাতা এমন দিন কবে দিবেন যে দিন আমরা শুনিব যে বাঙ্গালায় এই রূপ শালিশী বিচারালয় দ্বারা মকর্দ্দমা নিষ্পত্তি হইতেছে।

—আগামী ১ লা তারিখ হইতে পারিসের মেলা হইবে।

—ইংলণ্ডবাসীদের ভয় হইয়াছে পাছে ইংলণ্ড যুদ্ধে বিলিপ্ত হন এবং এই নিমিত্ত তাহারা নানা স্থানে সভা আহুত করিয়া গবর্ণমেণ্টের নিকট আবেদন করিতেছেন যে, যেন গবর্ণমেণ্ট যুদ্ধে প্রবর্ত্ত না হন। এই রূপ রাষ্ট্র পারিসবাসীদের উত্তেজনায় লুইনেপোলিয়ান যুদ্ধে আহুত হন। রুশ সম্রাটও নাকি এই রূপ প্রজা কর্ত্তৃক উত্তেজিত হইয়া যুদ্ধে ব্যাপৃত হন। তুর্ক সুলতান যে অস্ত্র ধারণ করেন সেও নাকি প্রজার অনুরোধে, কিন্তু দেব ভূমি ভারতবর্ষের সংস্রবে আসিয়া ইংরাজ জাতি দেবত্ব পাইয়াছেন, ভারতবর্ষবাসীদের ন্যায় ইহারা সমরের কষ্ট সহ্য করিতে পারেন না, রক্ত তরঙ্গ দেখিলে ইহাদের আতঙ্ক উপস্থিত হয়, যুদ্ধে নিহত ব্যক্তিদিগের আর্ত্তনাদে ইহাদের বুক বিদীর্ণ হয়।

—সোয়াতের আখন্দের সমকক্ষ আর এক জন মুসলমান ছিলেন। ইনি কাটানের মোল্লা। ইহাদের দুই জনের এক সময় মৃত্যু হইয়াছে।

—ডিউক অব মণ্ট পেসিয়ারের কন্যা প্রিন্সেস মার্সিডিসের সঙ্গে স্পেনের রাজার বিবাহ হইয়াছে।

—গত ২৩শে জানুয়ারিতে রাজা যোগেন্দ্র নাথ কারাগার হইতে মুক্ত হইয়াছেন।

—গত দুর্ভিক্ষের সাহায্যের নিমিত্ত ৮০০০০০ টাকা অন্যত্র হইতে ভারতবর্ষে প্রেরিত হয়।

—হাইদ্রাবাদে এখন তুর্ক যুদ্ধের সাহায্যার্থে অর্থ সংগৃহীত হইয়াছে। সেখানে ২০ হাজার টাকা সংগ্রহ হইয়াছে।

—২৪শে তারিখে রুশেরা কিশান নামক স্থানে উপস্থিত হয়। সেখান হইতে দুই দিনে তাহারা গেলিপোলিতে পৌছিতে পারে। গেলিপোলি যদি রুশ অধিকারে আইসে তাহা হইল ইচ্ছা করিলেও ইংরাজদের তুর্কির সাহায্যে আগমন করা কঠিন হইবে।

—আলাহাবাদের ষ্টেশন মাষ্টার ব্লানি নামক এক জন সাহেবের নামে উৎকোচের মকর্দ্দমা উপস্থিত হয়। এই মকদ্দমা উপস্থিত হইলে ব্লানি সাহেব পলায়ন করেন। কর্ত্তৃপক্ষীয়েরা রোগী ছাড়িয়া মাদুরকে ধরেন, অর্থাৎ সাহেবের মকর্দ্দমা ছাড়িয়া দিয়া এ... যে তাহাকে উৎকোচ প্রদান করে তাহাকে কঠিন পরিশ্রমের সহিত ছয় মাসের নিমিত্ত ফাটকে দিয়াছেন। ব্লানি সাহেব হয়ত নাম বদলাইয়া অথবা কিছু দিন গোপন থাকিয়া শেষে এখানে উপস্থিত হইবেন এবং পোষ্টাল কর্ত্তৃপক্ষীয়েরা এক জন এদেশীয়কে কোন অপরাধে স্থানান্তরিত করিয়া তাহার স্থলে ইহাকে ইনেস্পেক্টরী পদে নিযুক্ত করিবেন।

—কার্ণেগি সাহেব নাগা যুদ্ধে এক জন শাস্ত্রি কর্ত্তৃক আহত হন তাহা বোধ হয় সকলের স্মরণ আছে। ইহার প্রাণত্যাগ হইয়াছে।

—স্বাধীন ব্রহ্মদেশের রাজা নিজ রাজ্যে চিনির কারখানা করিবার সংকল্প করিয়াছেন।

—লাহোর কালেজ কলিকাতা বিশ্ব বিদ্যালয়ের অন্তর্গত হইবে এই রূপ সাব্যস্ত হইয়াছে।

—চিনবাসীদের ন্যায় উদ্যোগী জাতি আশিয়াতে নাই। ইউরোপেও কম আছে। ইহারা পৃথিবীর সকল স্থানে গিয়া নানারূপ ব্যবসায় বাণিজ্য দ্বারা অর্থোপার্জ্জন করে অথচ চিনদেশে একটী রেলওয়ে নির্ম্মিত হয় এবং চিনবাসীরা ইহা বন্দ করিয়া দিয়াছে। তাহারা বলে যে যাহা তাহাদের দেশে প্রচলিত নাই তাহা প্রচলিত করিতে গেলে দেশের অমঙ্গল হইবে।

—রুশ সম্রাট সেণ্টপিটার্স বার্গে প্রত্যাবর্ত্তন করিলে সেখানে লোকে তাহাকে এরূপ সানন্দ উৎসবের সঙ্গে গ্রহণ করে যে বোধ হয় কোন রাজারজন্য কোনপ্রজাএরূপ উৎসব করে নাই নগর লোকে পরিপূর্ণ হয়, গিরিজা হইতে অবিশ্রান্ত ঘণ্টার ধ্বনি হইতে থাকে। অতি দূর হইতে লোক আসিয়া নগর পরিপূর্ণ করে, জয় ধ্বনি হইতে থাকে এবং কামানের ধ্বনিতে মেদিনী কম্পিত হইতে থাকে।

...র অব ষ্টেট আজ্ঞা দিয়াছেন যে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়েরা এপ্রেল মাসে ...র অর্দ্ধেক অতিবাহিত না হইলে পর্ব্বত শিখরে বিহারার্থে গমন করিতে পারিবেন না, এবং নবেম্বরের প্রারম্ভে ইহাদের নিজ নিজ প্রেসিডেন্সি...তে প্রত্যাবর্ত্তন করিতে হইবে।

—কঠোর শাসনেও বরিশালের প্রজাদিগকে নির্জীব ও শান্ত করিতে পারে নাই। সেখানে প্রায়ই ... জমিদার ও প্রজাতে ভয়ানক কলহ উপস্থিত হয়। এই নিমিত্ত অনেক ... স্থানে গবর্ণমেণ্টের অতিরিক্ত পোলিস রক্ষা করিতে হয়, ফল যাহাদের কঠোর শাসনে প্রখর স্রোতস্বতী নদনদী নির্জীব হইয়াছে, গগনভেদী পর্ব্বত শিখর নতমস্তক হইয়াছে, দুর্দ্ধর্ষ পার্ব্বতীয় জাতির মনে ভয়ের সঞ্চার হইয়াছে, সিন্ধিয়া প্রভৃতি অহঙ্কারী রাজার অহঙ্কার চূর্ণ হইয়াছে, এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, কায়স্থ প্রভৃতি অভিমানী জাতি মান অপমান সম্বন্ধে ... হইয়াছে, তাহারা যে লোককে শাসন করিতে পারেন ...র সে সমুদয় লোককে নিতান্ত সামান্য বলিয়া জ্ঞান ক...

—আসাম চিফ কমিশনারের নিকট হইতে তারে সম্বাদ আসিয়াছে যে, মঝামানাগারা শরণাগত হইয়াছে। গবর্ণমেণ্ট তাহাদের প্রতি যে জরিমানা করেন তাহারা তা দিয়াছে। তাহারা যে সমুদয় ডাক লুণ্ঠন করে এবং কনেষ্টবলদিগকে হত্যা করিয়া তাহাদের নিকট হইতে যে সমুদয় ... করে তাহা প্রত্যর্পণ করিয়াছে। আবার গব...র আজ্ঞা ক্রমে তাহাদের নিজের যে সমুদয় বন্দুক ছিল তাহাও তাহারা প্রত্যাবর্ত্তন করিয়াছে। আর কতকগুলি সামান্য বিষয় সম্বন্ধে যে গোলযোগে আছে তাহা নিষ্পত্তি হইয়া গেলে নাগা পর্ব্বত হইতে গবর্ণমেণ্টের প্রেরিত সৈন্যেরা প্রত্যাবর্ত্তন করিবে, তাহা হইলে ইংরাজেরা ভারতবর্ষে যে দুইটি যুদ্ধে প্রবর্ত্ত হইয়াছেন তাহার একটী শেষ হইবে।

—পার্ব্বতীয় চট্টগ্রামে এবৎসর সরিষা জন্মে নাই। পোকা লাগিয়া সমুদয় সর্ষপ নষ্ট হইয়া গিয়াছে।

—সিবিল ও মিলিটরি গেজেট নামক সম্বাদপত্রের প্রোপ্রাইটারের নামে সম্প্রতি একটী লাইবেল মকর্দ্দমা উপস্থিত হইয়াছে।

—গবর্ণমেণ্টের ফাইনেন্সেল বৎসরের দ্বিতীয় কোয়ারটারে অর্থাৎ গত আগষ্ট সেপ্টেম্বর অক্টবরে সর্ব্বসমেত প্রায় ২৪৬৬৪৬৪মণ লবণ বিক্রয় হইয়াছে। প্রথম কোয়াটারে ২১০৩৮২২ মনের কিছু অধিক লবণ বিক্রয় হইয়াছে। গত বৎসরের দ্বিতীয় কোয়ারটারে প্রায় ২৩৭৩৭৮২ মণ লবণ বিক্রয় হয়। এ বৎসরের দ্বিতীয় কোয়াটারে লবণের শুল্ক বাবদ ৭৬০৭৪৬০ টাকা, প্রথম কোয়াটারে ৬৫৩৮৩৮০ টাকা, এবং গত বৎসরের দ্বিতীয় কোয়াটারে ৭৪১৮৫৬৫ টাকা সংগৃহীত হয়।

—এই রূপ রাষ্ট্র যে ২১শে তারিখে ঝাকাখেল নামক প্রান্তবাসীরা পাশে কতকগুলি ব্রিটীশ কর্ম্মচারিকে গুলি করিয়া তাহাদের একটী অশ্ব আহত করে। কোহাত হইতে ২২শে তারিখে তারে সম্বাদ আসিয়াছে যে ঝাকাখেলদিগের কার্য্যে পাশ আফ্রিদিরা ভারি বিরক্ত হইয়াছে এবং তাহারা জোয়াকিদিগকে গবর্ণমেণ্টের শরণাগত হইবার নিমিত্ত প্রবৃত্ত জন্মাইতেছে।

—উপনিবেশে যে সমুদয় কুলি গমন করে তাহাদের প্রতি অতিশয় অত্যাচার হয়। এই অত্যাচার নিবারণার্থে গত নবেম্বর মাসে গবর্ণমেণ্ট হাউসে একটী কমিটী হইয়াছিল। কতকগুলি অপরিণামদর্শী ইংরেজদের অর্থগৃধ্নুতা ও গবর্ণমেণ্টের অপরিমিত ব্যয়ের নিমিত্ত ইংলিশ গবর্ণমেণ্ট এ দেশে বিস্তর ক্ষতিগ্রস্ত হইয়াছেন, সুতরাং উপরি উক্ত সৎকার্য্যের ন্যায় মাঝে মাঝে দুই একটী সৎকার্য্যের দ্বারা তাহাদেব আপনাদের পদ মর্য্যাদা রক্ষা করা নিমিত্ত কর্ত্তব্য হইয়াছে।

—কনেষ্টেণ্টিনোপোল অর্থাৎ মুসলমানদের রুম সহর এই রূপে দুর্গ দ্বারা রক্ষিত আছে। উহা স্বতন্ত্র তিনটী প্রাচীর দ্বারা পরিবেষ্টিত। প্রাচীর গুলির এক দিক ইষ্টক ও অপর দিক প্রস্তর দ্বারা নির্ম্মিত। ১২ হাত অন্তর ইহার এক একটী প্রাচীর। এই প্রাচীর গুলি একটী গড় অর্থাৎ ২৫ফিট পরিসর একটি খালের দ্বারা পরিবেষ্টিত। কালপ্রভাবে ইহার প্রথম প্রাচীরটী নষ্ট হইয়া গিয়াছে এবং খাল ভরাট হইয়া সেখানে এখন পুষ্পোদ্যান হইয়াছে, কিন্তু অপর দুইটী প্রাচীর উত্তমাবস্থায় আছে।

...থন নামক এক জন রিলিফ অফিসর মহীশূরের তাম্বু তালুকের কার্য্য ভার প্রাপ্ত হন। তিনি অনুসন্ধান দ্বারা দেখিয়াছেন যে, দুর্ভিক্ষে ঐ স্থানের অনেক গ্রামের শতকরা ২০জন অধিবাসীর সংখ্যা কমিয়াছে। পূর্ব্বে এ সমুদায় স্থানে যত ভূমি আবাদ হইত তাহার শতকরা ৪৫ ভাগ কমিয়া গিয়াছে এবং সেখানে অন্যান্য বৎসর যত শস্য উৎপন্ন হয় এ বৎসর তাহার অর্দ্ধেক শস্য উৎপন্ন হয় কিনা সন্দেহ।

—সম্প্রতি একরূপ নূতন টানাপাখা প্রস্তুত হইয়াছে। ইহা হস্ত দ্বারা ব্যজন করার প্রয়োজন হইবে না। যন্ত্র দ্বারা উহা চালিত হইবে। এই যন্ত্র যে এদেশের পক্ষে কত প্রয়োজনীয় তাহা বলা যায় না। এবং আমরা জানি না যে সমুদায় পণ্ডিতেরা যন্ত্রের বলে পৃথিবী উলট পালট করিতেছেন তাহারা কেন এত দিন এরূপ কোন যন্ত্রের সৃষ্টি করেন নাই। এরূপ যন্ত্রের সৃজন হইলে এদেশীয় লোকের অর্দ্ধেক কষ্ট কেবল দূর হইবে না, লোক সুস্থ, সবল, ও দীর্ঘজীবী হইবে। আবার যিনি এরূপ যন্ত্রের সৃজন করিবেন তিনি অতুল ঐশ্বর্য্যশালী হইবেন।

—দুর্ভিক্ষ দ্বারা মান্দ্রাজের কত লোক মরিয়াছে তাহা নির্ণয় করিবার নিমিত্ত ১০ ই মার্চ্চ তারিখে মান্দ্রাজ প্রেসিডেন্সীর জন সংখ্যা গ্রহণ করা হইবে।

প্রেরিত

দারজিলিং।

গত সপ্তাহের পত্রিকা পাঠে জ্ঞাত হইলাম যে কলিকাতায় এবার অতিশয় শীত হইয়াছে, কিন্তু মহাশয়, আমরা জঠর জ্বালায় এই দারজিলিং পর্ব্বতোপুরি কিরূপে কাল যাপন করিতেছি তাহা বোধ হয় আপনারা মনেও ধারণ করিতে পারিতেছেন না। তাহাতে কাটের কষ্ট ও আফিসের তাড়া। পূর্ব্বে যেরূপ এখানে অনায়াসে শুষ্ক কাষ্ঠ প্রাপ্ত হওয়া যাইত এখন যত্নেও তাহার দশাংশের এক অংশ পাওয়া কঠিন। এখানে এক দিন আহার ত্যাগ করিয়া থাকা যায় কিন্তু ক্ষণ মাত্র ব্রহ্মার শান্ত মূর্ত্তি সহ্য হয় না। অগ্নিই এখন আমাদের জীবন। ফরেষ্ট ডিপার্টমেণ্ট আমাদিগকে সে সুখেও বঞ্চিত করিয়াছেন। এখানে কাষ্ঠের ব্যবসাদার নিজে গবর্ণমেণ্ট। যাহা হউক এ বিষয়ে এখন অধিক লিখিব না, বারান্তরে অধিক লিখিবার বাসনা রহিল।

দারজিলিঙ্গের ভাগ্য হস্তান্তরিত হইবার উপক্রম হইয়াছে। সুখ সৌভাগ্য ভবিষ্যৎ গর্ভে নিহিত। এখন কোন্ দিকে কিরূপ বায়ু প্রবাহিত হয় তাহা বলা যায় না। আমাদিগের সুযোগ্য ডেপুটী কমিসনার মাঃ এডগার মহোদয় স্থানান্তরিত হইয়াছেন। মাঃ এড্‌গার সাহেব এখানে প্রায় ৬ বৎসর কাল একাদিক্রমে সুযশের সহিত প্রজা রঞ্জন করিয়া শীঘ্রই সাহাবাদে গমন করিবেন। সাহাবাদবাসীরা ধন্য যে এরূপ কলেকটার ও মাজিষ্ট্রেটের হস্তে তাহাদিগের সাধারণ ভার অর্পিত হইল। তাহারা যে কত সুখ ভোগ করিবে তাহা যাহারা একবার ইহার অধীন ছিল তাহারা ভিন্ন আর কেহ বলিতে পারে না। ইহাঁর হস্তে আমলা ইইতে নিতান্ত দরিদ্র প্রজা পর্য্যন্ত কাহারও কখন অনিষ্ট হয় নাই। ধর্ম্মাধিকরণ ইহার অপক্ষপাতী সদ্বিচারে দ্বিগুণতর গৌরবান্বিত হইয়াছিল। প্রজাগণের জন্য ইহাঁর দ্বার অবারিত ছিল। কেহ কখনও আপনার ক্লেশ জানাইতে ভীত ছিলনা। পিতার নিকট যেরূপ নিজ সন্তান আপনার প্রয়োজন জানাইতে কুণ্ঠিত হয় না ইহার নিকটেও লোকে অবাধে আপনার হৃদয় ভার জ্ঞাত করিয়া বিতক্লেশ হইত। ইনি স্থানান্তরিত হওয়ায় প্রজাবর্গ সকলেই কোন না কোন প্রকারে দুঃখিত হইবে তাহা লেখা বাহুল্য। অবশেষে আমাদিগের এই মাত্র প্রার্থনা যে যাহার হস্তে দারজিলিঙ্গের শাসন ভার অর্পিত হইল তিনি যেন মাঃ এডগার সাহেবের পদে প্রতিষ্ঠিত হইয়া স্বীয় পদের যথার্থ গৌরব বৃদ্ধি করিয়া প্রজাদিগকে যথোপযুক্ত বাৎসল্য ভাবে পালন করেন। এদেশের প্রজারা কখন ভূমির রাজস্ব ব্যতীত অন্য কর অর্পণ করে নাই কিন্তু বিধাতা তাহাদিগের উপর বাম, তাহাদিগের স্কন্ধে দুইটী কর (রোড সেস ও পাবলিক্ ওয়ার্ক সেস) একবারে সমভাবে পতিত হওয়ায় তাহারা যে নিষ্পেষিত হইবে তাহার আর সন্দেহ মাত্র নাই। কিমাধিক মিতি।

দারজিলিং } জনৈক প্রবাসীনঃ
১৭ জানুয়ারি }

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত বাবু কালী প্রসন্ন ঘোষ প্রণীত "প্রভাত চিন্তা" এবং শ্রীযুক্ত বাবু আনন্দচন্দ্র মিত্র প্রণীত "হেলেনা কাব্য, প্রথমখণ্ড' উভয়ের পরিবর্ত্তিত, পরিশোধিত এবং পরিবর্দ্ধিত সটিক নূতন সংস্করণ (যাহা আগামী ছাত্রবৃত্তি পরীক্ষার জন্য পূর্ব্ব বঙ্গ বিভাগের স্কুল সমূহের জন্য পাঠ্য নির্ব্বাচিত হইয়াছে, ও এতদুভয়ের সরল ব্যাখ্যা "ঢাকা, পটুয়াটুলী, ২৬ । ২৭ নং ভবন কাব্য প্রকাশ লাইব্রেরীতেই, কে, সি, বসু এণ্ড কোং দ্বারা বিক্রিত হইতেছে।

উক্ত লাইব্রেরীতে ছাত্র বৃত্তির পাঠ্য সমুদয় পুস্তক এবং প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রন্থকার দিগের গ্রন্থাদি— কাব্য, নাটক. উপন্যাস, নবন্যাস, চরিতাখ্যান ও রহস্যাদিও— বিক্রীত হইতেছে। অধিক পুস্তক ক্রয় করিলে ক্রেতাদিগকে যথোপযুক্ত কমিসন দেওয়া হয়। নগদ মূল্য সহ ডাক মাসুল এবং পেকিং খরচা পাঠাইলে অতি যত্নের সহিত বিদেশে পুস্তক পাঠাইবারও অতি সুবন্দোবস্ত করা হইয়াছে।

যথোপযুক্ত কমিসন পাইলে অতি যত্নের সহিত উক্ত লাইব্রেরীতে বিদেশীয় গ্রন্থকারবর্গের পুস্তক বিক্রয়ার্থ গচ্ছিত রাখা হয়।

ঐতিহাসিক রহস্য।

শ্রীরামদাস সেন প্রণীত।

প্রথম ভাগ। সংশোধিত ও পরিবর্দ্ধিত হইয়া দ্বিতীয় বার মুদ্রিত। মূল্য এক টাকা। ডাক মাশুল ৵০ আনা।

দ্বিতীয় ভাগ। মূল্য ... ৵০ আনা।

"এ প্রকার গ্রন্থ এই প্রথম বাঙ্গালা ভাষায় প্রচলিত হইল।" বঙ্গদর্শন।

এই পুস্তকদ্বয় কলিকাতা বহুবাজার ২৪৯ নং ষ্ট্যানহোপ যন্ত্রে, সংস্কৃত ডিপজিটরিতে, ৫৫ নং কলেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রেরীতে, রায় যন্ত্রে, ও মজুমদার এণ্ড কোং পুস্তকালয়ে বিক্রয় হইতেছে।

সতর্কতা।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, হরচন্দ্র মল্লিকের গলিতে ৯ নম্বর ও ১০ নম্বরের যে বাড়ী ও তৎসংলগ্ন জমি আছে এবং বাগবাজার ষ্ট্রীট ১৮ নম্বরের যে বাড়ী ও তৎসংলগ্ন জমি আছে তাহা যেন কেহ খরিদ করেন না ও বন্ধক রাখেন না। প্রথমোক্ত দুটী বাড়ী নীল মনি মল্লিক এক খানি দান পত্র দ্বারা তাহার স্ত্রী শ্রীমতি বিনদ মনি দাসীকে তাহার জীবন পর্য্যন্ত দান করিয়া যান এবং বিন্দু বাসিনীর মৃত্যুর পর উহা চিরকালের নিমিত্ত শ্রীমতী ভুবনেশ্বরী দাসীর সম্পত্তি হইবে। শেষোক্ত গৃহটি উক্ত শ্রীমতী ভুবনেশ্বরী দাসী তাহার নিজ নামে খরিদ করেন, কিন্তু উহার দলিল দস্তাবেজ সমস্ত তিনি হারাইয়া ফেলিয়াছেন। যদি কোন ব্যক্তি উপরিউক্ত গৃহ ও উহার সংলগ্ন জমি সকল ক্রয় করেন কি বন্ধক রাখেন তাহা হইলে তি... ঝঞ্জাটে ও গোলমালে পড়িবেন।

কলিকাতা। মহেন্দ্রনাথ হালদার
২৯ ডিসেম্বর ১৮৭৭। উক্ত শ্রীমতী ভুবনেশ্বরী দাসীর এটর্ণী।

TIRHOOT STATE RAILWAY.

Wanted.—Three experienced Goods Clerks Those accustomed to Transfer Yards preferred Salary Rs. 60 per month rising. Apply personally with certificates to Traffic Superintendent Somstipore.

সেবন করিলে বুঝিতে পারিবেন।

"টনিক ড্রপ" ইহা দ্বারা পুরাতন জ্বর (বিশেষতঃ ম্যালেরিয়া) প্লীহা, যকৃত, উপদংশ ও ধাতু ও রক্ত সম্বন্ধীয় সমস্ত পীড়া, শীর পিড়া প্রভৃতি অতি স্বল্প দিবস ব্যবহারে আরোগ্য করিয়া, শরীর বলকারক করে। মূল্য প্রত্যেক শিশি ১ টাকা প্যাকিং ।০ আনা।

"গনোরিয়া মিক্সচর" ইহা দ্বারা নূতন ও পুরাতন মেহ রোগ এক বারে আরোগ্য হয়। মূল্য প্রত্যেক শিশি ১ টাকা প্যাকিং ।০ আনা।

আমাদিগের ঔষধিতে পারা ইত্যাদি কোন প্রকার অনিষ্টকর ধাতু নাই। যদ্যপি ডাকের বা অন্য কোন প্রকার টিকিটে কেহ মূল্য প্রেরণ করেন তাহা হইলে টাকা প্রতি /০ এক আনা বাট্টা সহিত পাঠাইবেন শিশির উপর প্রশংসা পত্র সহ ব্যবহার প্রণালীর কাগজ বেষ্টিত থাকিবে।

কেঃ এমঃ ভট্টাচার্য্য এণ্ড কোম্পানি (ড্রগিষ্টস)
বেনারস।

বেঙ্গল হোমিওপ্যাথিক ফারমেসি।
১নং আপার সারকুলার রোড,
কলিকাতা।

এখানে সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধ, ইংরাজি ও বাঙ্গলা ব্যবস্থা পুস্তক, ঔষধ পূর্ণ নানাপ্রকার গৃহ চিকিৎসার বাকস এবং চিকিৎসক ও পথিকদিগের সাথ লইয়া বেড়াইবার অতি সৌন্দর্য্য বিলাত নির্ম্মিত পকেট কেস ও অন্যান্য সহকারী দ্রব্য সকল সুলভ মূল্যে প্রাপ্ত হওয়া যায়।

গৃহ চিকিৎসার ওলাউঠার বাকস সমেত ব্যবস্থা পুস্তক।

১২ শিশি ৫ টাকা				২৪ শিশি ১০ টাকা।		
ক্যাম্ফার						১ টাকা।
পকেট কেস	শিশি	১২	২৪	৩০	৩৬	৬০
ক্ষুদ্র বটীকার সমেত ব্যবস্থা পুস্তক		৭	১২	১৫	"	২৮
১ ড্রাম শিশি		৯	১৬	"	"	
২ ড্রাম শিশি		১২	২০	"	৩০	
			বিনা পুস্তক।			

লালবিহারি মিত্র এবং কোং,
হোঃ চিকিৎসক ও কেমিষ্ট।

[…] আমাকে লিখিলে পাঠান যাইবে। নিম্ন লিখিত পুস্তক ও ঔষধ এখানে সর্ব্বদা বিক্রয়ার্থে প্রস্তুত থাকে।

বাঙ্গালা পুস্তক।

আমার প্রণীত বাঙ্গালা

হোমেওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান

	প্রথম, দ্বিতীয়, তৃতীয় খণ্ড, প্রত্যেক খণ্ড	১।০
ঐ	ভৈষজ্যতত্ত্ব, ১ম, ২য় খণ্ড	১
ঐ	মতে ওলাউঠার চিকিৎসা	।০
ঐ	মেডিসিন চেষ্ট ৬০ শিশি	২৫
ঐ	লাউঠার বাক্স ২০ শিশি	১০
ঐ	ঐ ঐ ১০ শিশি	৬

এই ওলাউঠার বাক্সে এক খানি পুস্তক আছে; ইহা নিতান্ত সহজ বাঙ্গালায় লিখিত এবং ইহার সাহায্যে এই কঠিন পীড়া ইহার উপসর্গ এবং পরবর্ত্তী পীড়া সমূহ অতি সহজে আরোগ্য করা যায়। ঐ সমস্ত দ্রব্য পাঠাইতে ডাক মাশুল ও প্যাকিং খরচা পৃথক লাগিবে।

শ্রীবিহারি লাল ভাদুড়ী।
৩৪, কর্ণওয়ালিস ষ্ট্রীট।

শরত সরোজিনী নাটক।

দ্বিতীয় সংস্করণ।

পরিবর্ত্তিত ও সংশোধিত।

মূল্য ১৷৵ ডাকমাসুল ৵।

প্রধান প্রধান সকল পুস্তকালয়েই প্রাপ্তব্য। "বঙ্গ ভাষার প্রতি বৎসর এই রূপ এক খানি নাটক প্রকটিত হইলে আমরা যার পর নাই সৌভাগ্য বিবেচনা করিব"

——বান্ধব।

সুলভ! সুলভ!! অতি সুলভ!!!

আমরা বিলাত হইতে অত্যুত্তম বিরিচ্ লোডার মেজেল লোডার বন্দুক, রায়ফল, পিস্তল, ৫ নাগাৎ ২০ নলি রিভলবার, বারুদ, ক্যাপ, গোঁটা ও শীকারের সকল প্রকার সরঞ্জম অতি সুলভ মূল্যে বিক্রয়ার্থে আমদানি করিয়াছি। যাঁহার প্রয়োজন হইবেক নিম্ন লিখিত স্থানে তত্ত্ব করিলে পাইবেন। আর বন্দুকাদি সকল প্রকার অস্ত্র মেরামত অতি সুলভ মূল্যে ও সুচারুরূপে সম্পাদিত হইতেছে।

ডিঃ এন্ বিশ্বাস কোং
নং ৩২ লালদিঘির দক্ষিণ
কলিকাতা।

DR. H. GANGOOLY'S.

SPECIFIC PILLS.

(Infalliable cures.)

Gonorrhea and Gleet, chancre and other sores on the private parts and Lecorrhea (the whites.) Each sort to be had in boxes containing one dozen pills, price per box Rs. 2-8.
with postage Rs. 2 Ans. 12.

Generally no second box will be required. Directions for use accompany each box. To be had only at No. 7 Bagbazar Calcutta.

বিনীতভাবে সর্ব্বসাধারণকে নিবেদন করিতেছি যে এ, বৎসর আমি অনেক নূতন গাছ ফুল ইত্যাদি বৃদ্ধি করিয়াছি যথা ৫০ রকমের অকৃত্রিম আমের কলম ১৫০ রকমের নূতন ও অধিকাংশ সুগন্ধযুক্ত গোলাপ, বাগান সাজাইবার অসীম রকমের চিরস্থায়ী ফুল, লতা ফ্রোটন ইত্যাদি। ইহাদের মূল্যের তালিকা দুই আনার টিকিট পাঠাইলে ডাকযোগে প্রেরিত হইবে। এই তালিকায় গাছের লাটিন ও বাঙ্গালা নাম কিরূপে উহা রোপণ ও প্রস্তুত করিতে হয় ইত্যাদি বিবিধ বিবরণ লিখিত আছে।

এই বৎসর নারসরির চাঁদা পোনের টাকা হইতে তেরো টাকা করা হইয়াছে। এই রূপ কমানতে সাধারণের বিশেষ সুবিধা হইবে। ভরসা করি স্বদেশ হিতৈষিগণ এ দেশীয় নারসরিটি যাহাতে বজায় থাকে তৎপক্ষে বিশেষ যত্নবান হইবেন। গ্রাহকগণ অর্দ্ধেক মূল্য ও অপরে সম্পূর্ণ মূল্য প্রদান করিলে জিনিষ সমস্ত পাঠান যাইবে। গ্রাহকগণকে দেশী ও বিলাতী বীজ বাদে জুন ও জুলাই মাসে বাছা২ চিরস্থায়ী লতা ও ফুলগাছের বীজ দেশদেশান্তর হইতে আনয়ন করিয়া রোপণ প্রণালী সমেত পাঠান যাইবে।

শ্রীনৃত্যগোপাল চট্টোপাধ্যায়।
পাইকপাড়া নরসারি, কলিকাতা।

পত্তনি দিবার বিজ্ঞাপন।

ঢাকার পূর্ব্ব এবং পূর্ব্ব দক্ষিণ ও পূর্ব্বোত্তর দিকে নানা স্থানে বিশেষত জেলা বাখরগঞ্জ, কমিল্লা ও ফরিদপুরের অধীন আমাদিগের যে সমস্ত জমিদারী ও তালুকাত আছে, তাহা পত্তনি বিলি বন্দোবস্ত করিবার জন্য ইতিপূর্ব্বে বিজ্ঞাপন দিয়া ও কারণ বশন স্থগিত রাখা হইয়া ছিল। সম্প্রতি ঐ সকল মহাল (যত শীঘ্র হইতে পারে) পত্তনি দেওয়া স্থিরতরে এত দ্বারা পুনশ্চ জানান যাইতেছে যে গ্রাহকগণ আমাদিগের ঢাকাস্থিত সদর কাছারিতে প্রার্থনা পত্র অর্পণ করিলেই কার্য্যারম্ভ করা যাইবেক। আমাদের ক্ষমতা প্রাপ্ত অন্যতর কার্য্যকারক যুত বাবু রাজ গোবিন্দ সরকার সুপারিণ্টেণ্ডেণ্ট নিকট নিয়ম জানিতে পারিবেন॥

৬ই, অশ্বিন }
১২৮৪ সন। }
শ্রীকানাইয়া লাল রায় চৌধুরী
শ্রীকিশোরি লাল রায় চৌধুরী
শ্রীযশোদা লাল রায় চৌধুরী

নূতন পুস্তক!!

বৃত্র সংহার কাব্য।

দ্বিতীয় খণ্ড।

মূল্য ১ টাকা। ডাক মাসুল ৵০।

রায় প্রেস ও ক্যানিং লাইব্রেরিতে প্রাপ্তব্য

অর্শরোগের, দৈহিক দৌর্ব্বল্যের

এবং

পুরাতন জ্বর পুরাতন ঘা ইত্যাদি

পীড়ার পরিক্ষীত অব্যর্থ মহৌষধ!!!

ঔষধির মূল্য আর ডাকমাশুল

অর্শ সর্ব্ব প্রকারের সেব্য এবং ব্যবহার্য্য ১১ এবং ২২ দিবসের মূল্য ৩৸০ এবং ৬৸০

ধাতু দৌর্ব্বল্যের প্রতি বোতল	এক	সপ্তাহের	৪॥০
পালা এবং পুরাতন জ্বর	ঐ	ঐ	১॥০
ধাতের ব্যামহ	ঐ	ঐ	২॥০
পুরাতন ঘা ইত্যাদির তৈল	ঐ	ঐ	৩॥০

এই মহৌষধি গুলি যে, বহু সংখ্যক সম্ভ্রান্ত ব্যক্তিগণ বাঙ্গলা, ইউনানি ও ইংরাজি চিকিৎসা করাইয়া পীড়া হইতে মুক্ত হইতে না পারিয়া পরিশেষে এই মহৌষধি সেবনে আরগ্য লাভ করিয়া অসীম আনন্দ উপভোগ করিতেছেন। আরোগ্য সমাচার সকল বোম্বাই, লাহর ও কলিকাতাস্থ সম্ভ্রান্ত সম্বাদ পত্র সকলে প্রকাশিত হইয়াছে এবং পুস্তকাকারে মুদ্রিত হইয়া বিতরণ কারণ প্রস্তুত আছে।

এই মহৌষধ গুলিন বৃক্ষের ফল ও মূল এবং ধাতুর দ্বারায় প্রস্তুত। ইহা সেবনে কোন প্রকার কষ্ট নাই। সেবন নিয়ম ঔষধির সহিত পাওয়া যায়।

শ্রীকরাল চন্দ্র চট্টোপাধ্যায়
৪৮ নং মলঙ্গা লেন (বহুবাজারের জলের কলের পার্শ্বের গলি)
কলিকাতা।

এতদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে, জেলা বরিশালের অন্তর্গত চাঁদসি গ্রাম নিবাসী সুপ্রসিদ্ধ অস্ত্রসাধ্য ব্রণাদি রোগ চিকিৎসক ৺ বিষ্ণুহরির বংশজ আমি মহানগরী কলিকাতার শোভাবাজার নন্দরাম সেনের ষ্ট্রীট ৪নং বাটীতে অবস্থিতি করিয়া চিকিৎসা করিতেছি। পৃষ্ঠাঘাত, ওষ্ঠব্রণ, উরুস্তম্ভ, ভগন্দর, অর্শ, নালিঘা, উপদংশ বিদ্রধি ইত্যাদি উৎকট রোগ আমা কর্ত্তৃক অতি উত্তমরূপে চিকিৎসিত হইতেছে, এতদ্ব্যতীত পারদ ঘটিত রোগের অতি উত্তম তৈল এবং সেবনীয় ঔষধ ও প্লীহা, যকৃত, রক্ত আমাশয়ের অতি উত্তম অবধৌতিক ঔষধ আমার নিকট আছে। হাইকোর্টের প্রসিদ্ধ উকিল শ্রীযুক্ত বাবু কালীমোহন দাস ও শ্রীযুক্ত বাবু দুর্গামোহন দাস ও শ্রীযুক্ত বাবু ভুবন মোহন দাস ও শ্রীযুক্ত বাবু ললিত চন্দ্র সেন তথা শ্রীযুক্ত বাবু চন্দ্রমাধব ঘোষ তথা শ্রীযুক্ত বাবু শশীভূষণ বসু বেঙ্গক্লার্ক ও হাটখোলাস্থিত শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার রায় প্রভৃতি মহাত্মাদিগের সমীপে আমার ও আমার বংশের চিকিৎসা নৈপুণ্যের পরিচয় পাওয়া যাইবেক।

শ্রীহরমোহন দাস ডাক্তার।

ইষ্টমার কাথওয়ে দ্বারা আমাদিগের নানা প্রকার হোমিওপ্যাথি পুস্তক ও ঔষধ আসিয়াছে! যাহাদিগের আবশ্যক হইবে পত্র লিখিলে […]

ডাক্তার হরিশ্চন্দ্র শর্ম্মা কৃত!

টক্সিকোলজিক্যাল চার্ট।

ধাতু ঘটিত, ঔদভিদিক ও প্রাণি ঘটিত বিষ খাইলে যে যে লক্ষণ উপস্থিত হয় এবং নিশ্বাসবন্ধ (জলে ডুবা, প্রাণ নাশক, বায়ু কর্ত্তৃক শ্বাস রোধ, বজ্রাঘাত, উদ্বন্ধন, শ্বাসবিহীন সদ্য প্রসূত সন্তান, অতিশয় শীত ও অতিশয় গ্রীষ্ম) জন্য অস্বাস্থ্য, তাহার বিবরণ এবং তাহার নানাবিধ প্রতিকারের ব্যবস্থা।

প্রতি খণ্ড রং করা ও ভাল বাঁধা	২।০
খালি কাপড় মোড়া কাগ	১
ডাক মাশুল ইত্যাদি	১

উপরোক্ত চার্ট খানি অতি সুন্দররূপ প্রস্তুত হইয়াছে। প্রতি বাটিতে ইহার এক এক খানি রাখা নিতান্ত প্রয়োজন ও হিতকর। হঠাৎ কেহ বিষ খাইলে বা কাহাকে […]পে কাটিলে বা কোন বিপদ উপস্থিত হইলে সর্ব্বত্র চিকিৎসক পাওয়া সহজ নহে। সামান্য প্রণালী অবলম্বন করিলে অনেক সময় ঘোর বিপদ হইতে উত্তীর্ণ হওয়া যায়। কিন্তু সেই সামান্য প্রণালীর [...]রিজ্ঞান অভাবে অনেক প্রাণ নষ্ট হয়।

উক্ত চার্ট খানি সেই অভাব পূরণ করিবে। প্রতি আফিসে, প্রকাশ্য স্থানে, বিদ্যালয়ে ও প্রতি বাড়িতে ইহার এক খণ্ড রাখা অতি আবশ্যক ও হিতকর।

ডাক্তার হরিশ্চন্দ্র শর্ম্মা কৃত জিবন রক্ষক ১ম ভাগ মূল্য ।।০, ব্যায়াম শিক্ষা ১ম ভাগ মূল্য ।০ ও ব্যায়াম শিক্ষা ২য় ভাগ মূল্য ।০ বিক্রয়ার্থে প্রস্তুত আছে। উহা ১০৬ নং বহুবা[জা]র ষ্ট্রিট ডাক্তার হরিশ্চন্দ্র শর্ম্মার নিকট, সংস্কৃত […] ও আমার নিকট পাওয়া যায়।

শ্রীযোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
ক্যানিং লাইব্রেরি কলেজ ষ্ট্রিট, কলিকাতা।

এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়।